

## কলেজশিক্ষককে জিম্মির ঘটনায় চার শিক্ষার্থী সাময়িক বহিষ্কার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ● কলেজশিক্ষককে জিম্মি করে টাকা আদায়ের ঘটনায় রায়বের হাতে আটক চার শিক্ষার্থীর ছাত্রত্ব স্থগিতসহ তাঁদের সাময়িকভাবে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ ব্যাপারে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আইনশৃঙ্খলা-সংক্রান্ত বোর্ডের সভায় গতকাল বৃহস্পতিবার এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিভিন্ন চারটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ডবনে উপাচার্য মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে ডিসিগ্ননারি বোর্ডের সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক হলে পাইবাকার সুন্দরপাড়ের আবহাঙ্গুল সেলিম রহমান তারিগরি মহাবিদ্যালয়ের প্রভাষক আহসান হাবিবকে জিম্মি করে টাকা আদায়ের ঘটনায় রায়বের হাতে আটক চার শিক্ষার্থীর বিষয়টি নিয়ে আলোচনা হয়। আলোচনায় এই শিক্ষার্থীদের ছাত্রত্ব স্থগিতসহ তাঁদের সাময়িকভাবে বহিষ্কারের সিদ্ধান্ত হয়। ঘটনা

তদন্তের জন্য নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক আমিনুল ইসলামকে আক্কেয়ক করে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। ডিসিগ্ননারি বোর্ডের সদস্যসচিব প্রক্টর অধ্যাপক মো. সোহেল আহমেদ প্রথম আলোকে বলেন, চারজনের ছাত্রত্ব স্থগিতসহ তাঁদের সাময়িক বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া শিক্ষককে আবাসিক হলে জিম্মি করে মারধরের বিষয়টি তদন্তের মাধ্যমে হুঁড়াত্ত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে চার সদস্যের তদন্ত কমিটি গঠন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

করা হয়েছে। ১১ জানুয়ারি প্রভাষক আহসান হাবিবকে তাঁর পূর্বপরিচিত জাবির হোসেনসহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থী শফিক আলম, আনিসুজ্জামান সিদ্দিকী ও শাহেদ শাহ পাওনা টাকা আদায়ের লক্ষ্যে প্রথমে আল বেরুদী হলে ও পরে আ ফ ম জামানউদ্দিন হলের ২১৩ নম্বর কক্ষে আটক করে তাঁকে মারধর করেন। পরে তাঁরা সাজারে করতোয়া কুরিয়ান সার্ভিস পাওনা টাকা তুলতে গেলে রাইব তাঁদের আটক করে সাজার বানায় সোপর্দ করে।